[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

কোটচাঁদপুরে কিশোরীদের সচেতনতা মূলক প্রশিক্ষণ ও সামগ্রী বিতরণ

কিশোরীদের সচেতনতা মূলক প্রশিক্ষণ ও তাদের মাঝে প্রশিক্ষন সামগ্রী বিতরণ করা হয়েছে। আজ বুধবার কোটচাঁদপুরের ফুলবাড়ি মাধ্যমিক বিদ্যালয়ে এ অনুষ্ঠান করা হয়।

দরিদ্র মহিলাদের জন্য সম্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (ইরেসপ্র) রে আয়োজনে ও ফুলবাড়ি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শামসুর রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী কর্মকর্তা উছেন মে।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সের পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আব্দুর রশিদ, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সেলিম রেজা,বিদ্যালয়ের সভাপতি ও সাবেক চেয়ারম্যান আব্দুল মতিন । এ ছাড়া উপস্থিত ছিলেন, সহকারি পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো) আল-আমিন।

এ সময় ওই বিদ্যালয়ের দুই শতাধিক শিক্ষার্থী ও প্রকল্পের সদস্যরা উপস্থিত ছিলেন। পরে তাদের মধ্যে প্রশিক্ষণ সামগ্রী বিতরণ করেন অতিথিবৃন্দরা।

কোটচাঁদপুর কপোতাক্ষ নদে উপজেলা প্রশাসনের অভিযান

কোটচাঁদপুরে কপোতাক্ষ নদে উপজেলা প্রশাসনের অভিযানে অবৈধভাবে নিষিদ্ধ চাইনা দুয়াড়ি পেতে মাছ ধরার অপরাধে দুয়াড়ি জব্দ করে আগুন ধরিয়ে ধ্বংস করা হয়েছে ।

মঙ্গলবার (৬ জানুয়ারি) দুপুরে উপজেলার এলাঙ্গী ইউনিয়নের বলাবাড়িয়

বাগডঙ্গা এলাকায় এ অভিযান চালায় উপজেলা প্রশাসন। নিষিদ্ধ চাইনা দুয়াড়ি পেতে মাছ শিকার করছে এমন সংবাদের ভিত্তিতে উপজেলা নির্বাহী অফিসার উছেন মে কপোতাক্ষ নদে অভিযান চালান। এ সময় তিনি ১৪ টি চায়না নিশিদ্ধ দুয়াড়ি জব্দ করেন। পরে তা ওই নদের তীরেই আগুন দিয়ে ধ্বংস করা হয়।

দুয়াড়ি ধ্বংসের সময় উপস্থিত ছিলেন,উপজেলা সিনিয়র মৎস্য অফিসার সঞ্জয় কুমার,কোটচাঁদপুর মডেল থানার উপপরিদর্শক নাজিবুল হক সহ থানা পুলিশের একটি চৌকস দল অভিযানে অংশ গ্রহণ করেন।

কোটচাঁদপুরে স্বাস্থ্য

কর্মকর্তাদের ক্লীনিক-ডায়াগনস্টিক সেন্টারে অভিযান

কোটচাঁদপুরে ক্লীনিক আর ডায়াগনস্টিক সেন্টারে অভিযান চালিয়েছেন,উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা।আজ মঙ্গলবার এ অভিযান চালান তিনি। এরপরও কাগজ পত্রে ক্রটি থাকলে প্রতিষ্ঠান সীলগালা করে দেওয়া হবে বললেন,স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আব্দুর রশিদ।

সংশ্লিষ্ট সুত্রে জানা যায়,কোটচাঁদপুরে যৌথভাবে ক্লীনিক আর ডায়াগনস্টিক সেন্টার রয়েছে ৬ টি আর ২ টিতে শুধু মাত্র ক্লীনিক। যার মধ্যে রয়েছে একতা প্রাইভেট হাসপাতাল এন্ড ডায়াগনস্টিক সেন্টার,কোটচাঁদপুর নাসিং হোম এন্ড ডায়াগনস্টিক সেন্টার, সামস্উদ্দিন মেমোরিয়াল প্রাইভেট হাসপাতাল এন্ড ডায়াগনষ্টিক কমপ্লেক্স,মাহবুবা জেনারেল হাসপাতাল এন্ড ডায়াগনস্টিক সেন্টার, আল্ট্রাভিশন প্রাইভেট হাসপাতাল এন্ড ডায়াগনস্টিক সেন্টার, নিউ লাইফ হাসপাতাল এন্ড ডায়াগনস্টিক সেন্টার, সিটি ক্লীনিক এন্ড ডায়াগনস্টিক সেন্টার। শুধু মাত্র ক্লীনিক রয়েছে কপোতাক্ষ ফ্যামিলি কেয়ার হাসপাতাল,জনতা ক্লীনিক।

এ ছাড়া ডায়াগনস্টিক সেন্টার রয়েছে, ১১ টি। এরমধ্যে ইউনাইটেড

ডায়াগনস্টিক সেন্টার কর্ণফুলি ল্যাব এন্ড ডায়াগনস্টিক সেন্টার,ইবনে সিনা ডায়াগনস্টিক সেন্টার, এ্যাডভান্স মেডিকেল সার্ভিসেস, এ্যাপোলো ডায়াগনস্টিক এন্ড কনসালটেশন সেন্টার, মুকুল -খালেদা ডায়াবেটিক,লাইফ কেয়ার ডায়াগনস্টিক সেন্টার, সজিব ল্যাব এন্ড ডায়াগনষ্টিক সেন্টার, মেডিল্যাব মেডিকেল মেডিকেল সার্ভিসেস, শেখ নিজাম ডায়াগনস্টিক সেন্টার, ওয়ান ল্যাব মেডিকেল সার্ভিসেস।

সম্প্রতি ঢাকার ইউনাইটেড হাসপাতালে শিশু মৃত্যুকে কেন্দ্র করে সারাদেশে অভিযান শুরু করেছেন সংশ্লিষ্টরা । এর ধারাবাহিকতায় মঙ্গলবার কোটচাঁদপুরে ক্লীনিক আর ডায়াগনস্টিক সেন্টারে অভিযান পরিচালনা করেন, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আব্দুর রশিদ। তিনি বলেন, সারাদেশের মত কোটচাঁদপুরও ক্লীনিক ডায়াগনস্টিক সেন্টার অভিযান চালানো হয়েছে। ইতোমধ্যে কাগজ পত্রে অসঙ্গতি থাকায় দুইটি প্রতিষ্টান বন্ধ রেখেছেন মালিকপক্ষ।

এরপরও কাগজ পত্রে ক্রটি থাকলে প্রতিষ্ঠান সীলগালা করে দেওয়া হবে বলে সর্তক করেছেন ওই কর্মকর্তা। অভিযানের সময় উপস্থিত ছিলেন,কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সের কনসালটেন্ট (এনেস্থিসিয়া) ডাঃ রাইসুল ইসলাম (জুয়েল) ও কমপ্লেক্সের হিসাব রক্ষক জিয়াউল ইসলাম।

কোটচাঁদপুর বৈদ্যুতিক বাতি জ্বালিয়ে ড্রাগন ফলের চাষ

কোটচাঁদপুরে বানিজ্যিক ভাবে শুরু হয়েছে বৈদ্যুতিক বাতি জ্বালিয়ে ড্রাগন ফলের চাষ। এ দিকে সন্ধ্যা নামলেই বৈদ্যুতিক বাতির ঝলকানি দেখতে ওই বাগানে ভীড় করছেন,উৎসুখ জনতা। বাড়তি ফল উৎপাদনের আশায় পাইলট প্রকল্প হিসেবে দেড় বিঘা জমিতে এ পদ্ধতিতে চাষ করছেন বলে জানিয়েছেন,চাষি রেহমানুল কবির (রাজু)।

জানা যায়,কোটচাঁদপুর তালসার সড়কের পারলাট মাঠ এটি। এ সড়কের পাশেই দেড় বিঘা ড্রাগন ফলের বাগান চাষি রেহমানুল কবির (রাজুর)।

২০২১ সালের দিকে এ বাগানটি করেন তিনি। ওই সময় দেড় বিঘা জমিতে ড্রাগন চাষ করতে ব্যয় হয়েছিল সাড়ে ৪ লাখ টাকা। এ বছর ওই বাগানেই বাল্ব পদ্ধতিতে চাষ করতে আবারও ব্যয় করেছেন আরো ৩ লাখ টাকা।

এদিকে সন্ধ্যা নামলেই বৈদ্যুতিক বাতিগুলো জ্বলে উঠছে বাগানটি। এ সময় দুর থেকে দেখলে বাগানটিকে তারার মেলা বলে মনে হচ্ছে। যা দেখতে প্রতিনিয়ত ওই সড়কে ভীড় করছেন উৎসুক জনতা। এর মধ্যে কেউ আসছেন চাষ পদ্ধতিসহ দেখতে। আবার কেউ আসছেন আলোর ঝলকানি উপভোগ করতে।

বিষয়টি নিয়ে ড্রাগন চাষি রেহমানুল কবির (রাজু) বলেন,গেল ২০১৮ সালে মাত্র ১৫ কাঠা জমিতে দিয়ে ড্রাগন চাষ শুরু করা হয়। বর্তমানে ১০ বিঘা জমিতে ড্রাগন চাষ।

তিনি বলেন, এক বিঘা জমিতে ড্রাগন চাষ করতে ব্যয় হয় ৩ লাখ টাকা। তবে বৈদ্যুতিক পদ্ধতিতে চাষ করতে ব্যয় হবে আরো ২ লাখ টাকা। আপনি কেন এ পদ্ধতিতে চাষ করার সিদ্ধান্ত নিলেন আর কোথায় পেলেন এ প্রযুক্তি এমন প্রশ্নে তিনি বলেন,সাধারন ভাবে চাষ করলে ৬ মাস ফল উৎপান করা যায়।

আর বৈদ্যুতিক পদ্ধতিতে চাষ করলে আরো ২/৩ মাস ফল উৎপাদন করা সম্ভব হবে বলে মনে করছি। এ জন্য মাত্র দেড় বিঘা জমিতে পাইলট প্রকল্প হিসেবে এ পদ্ধতিতে চাষ শুরু করলাম। ভাল ফল পেলে বাকি আরো ৮ বিঘা জমিতে চাষ করবেন বলে জানিয়েছেন তিনি।

রাজু বলেন,ঝিনাইদহের হরিণাকুন্ড উপজেলার এক চাষি এ পদ্ধতিতে চাষ করে ভাল ফল পেয়েছেন। আমি ওই বাগানে দেখে এসে চাষ শুরু করেছি।

তিনি বলেন,দেড় বিঘা জমিতে ১৭ শ ড্রাগন গাছ রয়েছে। আর খুটি রয়েছে ৪ শ ৩০ টি। ৪ ফুট ব্যবধানে বৈদ্যুতিক বাতি গুলো ঝুলিয়ে দেয়া হয়েছে। ওই বাগানে ৫ শ ৫০ টি বাতি দেয়া হয়েছে।

এ ব্যাপারে কোটচাঁদপুর উপজেলা কৃষি কর্মকর্তা রাজিবুল ইসলাম বলেন, এ উপজেলায় ৩ শ হেক্টরের উপর জমিতে ড্রাগনের চাষ আছে। সাধারণত গাছ থেকে চাষিরা বছরে দুই বার ড্রাগন সংগ্রহ করতে পারতো। এ পদ্ধতিতে চাষ করলে তারা সারা বছর গাছ থেকে ড্রাগন সংগ্রহ করতে পারবেন।

তবে এতে যেমন খরচ আছে, তেমনি চাষি লাভবানও হবেন। কোটচাঁদপুরে এ

পদ্ধতিতে চাষ শুরু হয়েছে কিনা,এমন প্রশ্নে তিনি বলেন, এটা আমার জানা নাই। আপনাদের মাধ্যমে জানতে পারলাম ওই পদ্ধতিতে চাষ শুরু করেছেন চাষিরা।

এর কোন বৈজ্ঞানিক ভিত্তি আছে কিনা,জানতে চাই ওই কর্মকর্তা বলেন,বিদেশে এ পদ্ধতিতে চাষ আছে। আপনারা আরেকটু নিশ্চিত হতে পারবেন ইউটিউব দেখলে।

কোটচাঁদপুরে ২০ পিচ ইয়াবাসহ লক্ষ্মণ দেবনাথ আটক

কোটচাঁদপুরে ২০ পিচ ইয়াবাসহ লক্ষ্মণ দেবনাথ (৩১)কে আটক করেছেন কোটচাঁদপুর থানা পুলিশ। আজ শুক্রবার স্থানীয় মেইনবাসস্ট্যান্ড থেকে তাঁকে আটক করা হয় বলে নিশ্চিত করেছেন থানার উপপরিদর্শক (এসআই) নাজিবুল হক।

সংশ্লিষ্ট সুত্রে জানা যায়, গোপন সংবাদ পেয়ে কোটচাঁদপুর থানার পুলিশ স্থানীয় মেইনবাসস্ট্যান্ডে অভিযান চালান। আটক করেন লক্ষ্মণ দেবনাথকে। এ সময় তাঁর কাছ থেকে ২০ পিচ ইয়াবা উদ্ধার করেন পুলিশ। এ ব্যাপারে তাঁর বিরুদ্ধে কোটচাঁদপুর থানায় মাদক আইনে মামলা হয়েছে। লক্ষণ দেবনাথ কালিগঞ্জের বলরামপুর গ্রামের রহিত দেবনাথের ছেলে।

এ ব্যাপারে কোটচাঁদপুর থানার উপপরিদর্শক (এসআই) নাজিবুল হক বলেন, কোটচাঁদপুর মেইন বাসস্ট্যান্ডে থেকে লক্ষন দেবনাথকে আটক করা হয়। এ সময় তাঁর জ্যাকেটের পকেট থেকে ২০ পিচ ইয়াবা উদ্ধার করা হয়। লক্ষণের নামে কোটচাঁদপুর থানায় মাদক আইনে মামলা হয়েছে।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

তাঁর মৃত দেহ উদ্ধার করে ময়না তদন্তে জন্য কোটচাঁদপুর থানায় নিয়ে এসেছেন।

এ দিকে জিজ্ঞাসাবাদের জন্য স্বামী তরিকুল ইসলাম কে থানায় আনা হয়েছে বলে নিশ্চিত করেছেন কোটচাঁদপুর থানার পুলিশ পরিদর্শক (ওসি) সৈয়দ আল- মামন।

মাদক ব্যবসায়ীর কোন ছাড় নেই –এমপি সালাহউদ্দিন মিয়াজি

মাদক ব্যবসায়ীর কোন ছাড় নেই। মাদক ব্যবসায়ী কোন রাজনৈতিক দলের নেতা বা কর্মী হতে পারে না। তারা দেশ ও জাতির শত্রু। যদি কেউ রাজনৈতিক দলের নাম ভাঙিয়ে মাদক ব্যবসা করে এমন প্রমান পাওয়া যায় তাহলে তাকে দ্রুত আইনের আওতায় আনতে হবে। যা প্রশাসনের একার পক্ষে সম্ভব না। মাদক একটি সামাজিক ব্যাধি যা থেকে পরিত্রান পাওয়া অত্যন্ত জরুরী তা না হলে ধ্বংস হয়ে যাবে দেশ। নিজ নিজ এলাকার মাদক ব্যবসায়ীদের তালিকা তৈরি করে আইনশৃঙ্খলা বাহিনী কে তথ্য দিন। বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনা মাদককে জিরো টলারেন্স ঘোষণা করেছে। মাদকমুক্ত একটি সুশিক্ষিত জাতি গঠন অত্যন্ত জরুরী বলে মনে করছি।

কোটচাঁদপুর উপজেলা প্রশাসনের আয়োজনে ও জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহযোগিতায় মাদক বিরোধী সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন ঝিনাইদাহ ৩ আসনের সাংসদ সদস্য (অবঃ) মেজর জেনারেল সালাহউদ্দিন মিয়াজি।

আজ মঙ্গলবার (২৩ শে জানুয়ারি)সকালে “মাদক নয়, মৃত্যু নয়, মাদক মুক্ত জীবন চাই”এই প্রতিপাদ্য মাদকদ্রব্যের অপব্যবহার রোধ,ক্ষতিকর মাদক মির্মূল এবং মাদকের বিরুদ্ধে সামাজিক আন্দোলন গড়ে তোলার লক্ষে কোটচাঁদপুর উপজেলা পরিষদ অফিসার্স ক্লাব মিলনায়তনে এ মাদকবিরোধী সেমিনার অনুষ্ঠিত হয়। মাদকবিরোধী সেমিনারে সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার উছেন মে।

সে সময় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও উপজেলা চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি,উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, মডেল থানার তদন্ত ওসি জগন্নাথ চন্দ্র, উপজেলা স্বাস্থ্য পরিবার পরিকল্পনা কর্মকর্তা আব্দুর রশিদ,বীর মুক্তিযোদ্ধা তাজুল ইসলাম,ইউপি চেয়ারম্যান আব্দুল মান্নান, উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা সঞ্জয় কুমার, মহিলা বিষয়ক কর্মকর্তা শিলা বেগম, পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক রাজিব, বীর জনতা পত্রিকা স্টাফ রিপোর্টার আব্দুল্লাহ বাশার, আজকের পত্রিকার সুব্রত কুমার প্রমুখ।

মাদক বিরোধী সেমিনার পরিচালনা করেন জেলা মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদফতরের সহকারী পরিচালক গোলক মজুমদার। এ সময় উপজেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরে কর্মরত কর্মকর্তা কর্মচারী, সাংবাদিক, শিক্ষক সহ নানা শ্রেণী পেশার মানুষ উপস্থিত ছিলেন।

কোটচাঁদপুরে ৫২ তম শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা ও পুরষ্কার বিতরণ

কোটচাঁদপুরে শীতকালীন ক্রীড়া বিজয়ীদের মাঝে পুরষ্কার বিতরন করা হয়েছে। রবিবার স্থানীয় পাইলট মাধ্যমিক বিদ্যালয় থেকে এ পুরস্কার দেয়া হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কোটচাঁদপুর উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা অশোক কুমার সরকার।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,কোটচাঁদপুর উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও চেয়ারম্যান মোছাঃ শরিফুননেসা মিকি।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,কোটচাঁদপুর বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইসাহক আলী, সরকারি পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের মফিজুর রহমান। এ ছাড়া উপস্থিত ছিলেন, ৩৩ টি স্কুল, কলেজ, মাদ্রাসার ছাত্র ছাত্রীরা।

এ বছর ৪৫ টি ইভেন্টে শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। আর এ সব খেলায় অংশ গ্রহন করেন,উপজেলার ৩৩ টি স্কুল কলেজ ও মাদ্রাসার ছাত্র ছাত্রীরা। পরে প্রতিযোগিতায় বিজয়দের মাঝে পুরস্কার বিতরন করা হয়।

কোটচাঁদপুর উপজেলা নির্বাহী কর্মকর্তার হস্তক্ষেপে বন্ধ হলো বাল্যবিয়ে

কোটচাঁদপুরে বাল্যবিবাহ বন্ধে ভ্রাম্যমান আদালত পরিচালিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার সন্ধ্যায় এ অভিযান চালান উপজেলা নির্বাহী কর্মকর্তা ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট উছেন মে।

সংশ্লিষ্ট সুত্রে জানা যায়,কোটচাঁদপুর উপজেলার এলাঙ্গী গ্রামের আফসার আলী মন্ডলের আফসানা মিমি (টিয়া)। সে এলাঙ্গী মফেজ উদ্দিন মাধ্যমিক বিদ্যালয়ের দশম শ্রেণীর ছাত্রী। টিয়ার বয়স ১৫ বছর ৫ মাস হলেও বৃহস্পতিবার তাঁর বিয়ের আয়োজন করন অভিভাবকরা। খবর পেয়ে কোটচাঁদপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট উছেন মে।

এ সময় আফসানা মিমি টিয়ার ভাই ফয়সাল হোসেনকে ২০ হাজার টাকা জরিমানা করেন তিনি। জরিমানার সময় উপস্থিত ছিলেন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা শিলা বেগম। টিয়া কোটচাঁদপুর উপজেলার এলাঙ্গী গ্রামের আফসার আলী মন্ডলের মেয়ে।